# একক নির্বাচনে ইসলামী আন্দোলন, জামায়াতের প্রতিক্রিয়া




সংগৃহীত ছবি

ইসলামী আন্দোলন বাংলাদেশ এককভাবে নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলের জোটে না গিয়ে দলটি ২৬৮টি আসনে নিজস্ব প্রার্থী মাঠে নামাবে।

শুক্রবার (১৬ জানুয়ারি) বিকেলে রাজধানীর পুরানা পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এই ঘোষণা আসে।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের সংবাদ সম্মেলনের পর বলেন, জামায়াতের আদর্শে কোনো পরিবর্তন হয়নি এবং কাউকে তুচ্ছ বা অবহেলা করা হয়নি। তিনি উল্লেখ করেন, জোটভুক্ত ১০ দলের মধ্যে ২৫৩টি আসনের বণ্টন ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে, বাকি ৪৭টি আসনের বিষয়ে এবং ইসলামী আন্দোলন বাংলাদেশের অবস্থান নিয়ে জোটের লিয়াজোঁ কমিটি সিদ্ধান্ত নেবে।

এর আগে বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) জামায়াত নেতৃত্বাধীন জোটে ইসলামী আন্দোলন ছাড়া বাকি ১০ দলের মধ্যে আসন বণ্টন চূড়ান্ত করা হয়। জোটের মধ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী ১৭৯টি আসনে লড়বে, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ৩০, বাংলাদেশ খেলাফত মজলিস ২০, খেলাফত মজলিস ১০ এবং লিবারেল ডেমোক্রেটিক পার্টি (এলডিপি) ৭টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। এছাড়া আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) ৩, বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টি (বিডিপি) ২ এবং নেজাম ইসলাম পার্টি ২টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে।